দৈনিক বাংলা

৯৪
৪৭

তারিখ ...06 SEP 1989
পৃষ্ঠা... ৭ ...কলাম... ৫...

# মাটির দেয়াল চাপা পড়ে ৩ জন স্কুল ছাত্র নিহত

(নিজস্ব সংবাদদাতা)

নওগাঁ ৪ঠা সেপ্টেম্বর।—মাটির দেয়াল চাপা পড়ে নওগাঁর নিয়ামতপুর উপজেলার রসুলপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৩ জন ছাত্র মর্মান্তিকভাবে নিহত এবং ৬ জন ছাত্র গুরুতর আহত হয়েছে।

জানা গেছে, সম্প্রতি বিদ্যালয়ে আগত শিশু-কিশোররা খেলার সময় এই চত্বরে অবস্থিত একটি পুরনো মাটির ঘর অকস্মাৎ ধসে পড়ে। এই ঘটনায় মাটির দেয়ালের নীচে বেশ কয়েকজন ছাত্রছাত্রী আটকা পড়ে। বিদ্যালয় চত্বরে এ নিয়ে তুমুল হৈ চৈ শুরু হলে শিক্ষকসহ আশপাশের লোকজন ছুটে আসে এবং ধসে যাওয়া দেয়ালের নীচে আটকে পড়া ছাত্রছাত্রীদের মধ্য থেকে ৩ জনকে নিহত অবস্থায় ও অবশিষ্ট ৬ জনকে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করে। আহত ছাত্রদেরকে চিকিৎসার জন্য হাসপাতালে পাঠানো হয়।